

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

**বাংলাদেশ ব্যাংক**

**প্রধান কার্যালয়**

**ঢাকা ।**

**জুলাই ১১ , ২০০৬**

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৮

তারিখ:-

**আষাঢ় ২৭ , ১৪১৩**

**প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক**

প্রিয় মহোদয়,

**ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের জন্য ক্রেডিট বিলের উপর  
৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহ প্রসংগে**

অর্থ আইন, ২০০৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ তে নতুন ধারা ৫৩GGG সংযোজনের মাধ্যমে  
ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের জন্য ক্রেডিট বিলের উপর ৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহের বিধান করা  
হয়েছে। উপরোক্ত বিধান সম্পর্কিত জাতীয় রাজস্ব বোর্ডের জুলাই ০৩, ২০০৬ তারিখের নির্দেশনা অপর পৃষ্ঠায় হৰহ  
পুনরুদ্ধিত হলো।

০২। বণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অবহিতকরণ এবং তার পরিপালন নিশ্চিত করার  
জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বণিক)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৭১১৭৮২৫

অতি জরুরী  
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং- জারাবো/কর-৭/আঃআঃবিঃ/বাজেট/২০০৬-০৭(২)/১৬৪

তারিখঃ ০৩/০৭/২০০৬

**বিষয়ঃ ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের জন্য ক্রেডিট বিলের উপর ৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহ প্রসংগে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। অর্থ আইন, ২০০৬ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ তে নতুন ধারা 53GGG সংযোজনের মাধ্যমে ক্রেডিট কার্ড ব্যবহারকারীদের জন্য ক্রেডিট বিলের উপর ৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহের বিধান করা হয়েছে। ক্রেডিট কার্ড ব্যবহারকারী তাঁর ক্রেডিট বিল পরিশোধের সময় মোট বিলের উপর ৩ শতাংশ হারে অগ্রিম আয়কর পরিশোধ করবেন। যে ব্যাংক ক্রেডিট কার্ডের বিল আদায় করবে তাকে অগ্রিম কর আদায়ের বিষয়টি নিশ্চিত করতে হবে। ক্রেডিট কার্ড ব্যবহারকারী কর্তৃক নির্দিষ্ট সময়ের পরে বিল পরিশোধের ক্ষেত্রে বকেয়া বিলের উপর কোন সুদ আরোপিত হলে সুদ-আসলসহ মোট বিলের উপরই ৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহ করতে হবে। ক্রেডিট কার্ড ব্যবহারের তারিখ ৩০শে জুন, ২০০৬ এর মধ্যে হলেও এরপ বিল ১ জুলাই, ২০০৬ তারিখ বা এর পরে পরিশোধ করা হলে ৩ শতাংশ হারে উৎসে আয়কর সংগ্রহের বিধানটি প্রযোজ্য হবে। অর্থ আইন, ২০০৬ এর মাধ্যমে আনিত আয়কর অধ্যাদেশের সংশ্লিষ্ট বিধানটি যাতে ব্যাংকসমূহ পরিপালন করে সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংকসমূহে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আদিষ্ট হয়ে আপনাকে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরঃ-

(তাহমিদ হাসনাত খান)  
দ্বিতীয় সচিব  
(আয়কর আইন ও বিধি)

গভর্ণর  
বাংলাদেশ ব্যাংক  
বাংলাদেশ ব্যাংক ভবন,  
মতিঝিল, ঢাকা-১০০০।